

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং - ১৪

০৩ কার্তিক ১৪২৫

তারিখ : -----

১৮ অক্টোবর ২০১৮

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ/প্রধান নির্বাহী
বাংলাদেশে নিবন্ধিত সকল ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদের গঠন ও দায়-দায়িত্ব সম্পর্কিত বিধি বিধান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিআরপিডি সার্কুলার নং ১১, তারিখ ২৭ অক্টোবর ২০১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলারের ৪.১ (ঘ) (অ) অনুচ্ছেদটি নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে :

(ঘ) মানবসম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন :

(অ) নিয়োগ, পদন্নতি, বদলী, শৃঙ্খলা ও শাস্তিমূলক ব্যবস্থা, প্রণোদনাসহ মানবসম্পদ উন্নয়ন ইত্যাদি সম্পর্কিত নীতি এবং চাকুরীবিধি পরিচালনা পর্ষদ কর্তৃক প্রণীত এবং অনুমোদিত হবে। অনুমোদিত চাকুরীবিধির আওতায় নিয়োগ, পদোন্নতি, বদলী ও শাস্তিমূলক ব্যবস্থাসহ যাবতীয় প্রশাসনিক কার্যক্রমে পর্ষদের চেয়ারম্যান বা পরিচালকগণ কোনোভাবেই সংশ্লিষ্ট হতে পারবেন না। বিভিন্ন পর্যায়ের নিয়োগ বা পদোন্নতির জন্য নির্বাচনী কমিটিগুলোতে পরিচালনা পর্ষদের কোনো সদস্য অন্তর্ভুক্ত হতে পারবেন না। তবে, প্রধান নির্বাহীর নিচের অব্যবহিত দুই স্তর পর্যন্ত কর্মকর্তাদের, যে নামেই অভিহিত হোক না কেন, নিয়োগ, পদোন্নতি, বদলী ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ পর্ষদের উপর ন্যস্ত থাকবে। এ ধরনের নিয়োগ বা পদোন্নতির ক্ষেত্রে ব্যাংকের চাকুরীবিধি তথা নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

তবে আরও শর্ত থাকে যে, রাষ্ট্র মালিকানাধীন ব্যাংকের প্রধান নির্বাহীর নিচের অব্যবহিত এক স্তর পর্যায়ের কর্মকর্তার, যে নামেই অভিহিত হোক না কেন, প্রযোজ্য ক্ষেত্রে, নিয়োগ, পদোন্নতি, বদলী ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধান প্রযোজ্য হবে না।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোন-৯৫৩০২৫২